SYLHET

# ৬ষ্ঠ উপজেলা পরিষদের ৭ম মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব ফারজানা নাসরীন,প্রশাসক,উপজেলা পরিষদ,কানাইঘাট,সিলেট
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলনকক্ষ,কানাইঘাট
তারিখ : ২৬ ডিসেম্বর ২০২৪
সময় : সকাল ১০.০০ ঘটিকা

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা: পরিশিষ্ট "ক এবং খ"।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা কর্তৃক বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ ও অনুমোদিত হয়। অত:পর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত

| ক্রঃ নং | আলোচ্য বিষয়/বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান, চলতি মাসে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে রেজিষ্টেশনকৃত আউটডোরে রোগীর সংখ্যা ৬,৯২৫ জন,ইমার্জেন্সীতে ১৬৮৯ জন মেডিকেলে ভর্তি ৮২১ জন,০২ জন মারা গেছে.১৫ জনকে সিলেট এমএজি ওসমানী মেডিকেল হাসপাতালে রেফাড করা হয়েছে এবং ৩৪৫ জনকে চক্ষু সেবা ও ৫৪ জন কে চশমা প্রদান করা হয়েছে। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও কমিনিউটি ক্লিনিকে রোগীদের স্বাস্থসম্মত সেবা প্রদান ও হাসপাতাল পরিষ্কার পরিচ্ছন্নতা রাখার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০২ | আইন-শৃঙ্খলা বিভাগ | অফিসার ইনচার্জ কানাইঘাট থানার প্রতিনিধি সভায় জানান, অত্র উপজেলায় গত কিছুদিন কানাইঘাটে খুন হত্যা বেড়ে গিয়েছিল। প্রকৃত আসামীদের গ্রেপ্তার করা হয়েছে এবং বাকী আসামীদের গ্রেপ্তার করে আইনের আওতায় আনা হবে। উপজেলার প্রত্যেক ইউনিয়নে বিট পুলিশ ও কমিনিউটি পুলিশ দ্বারা আইন-শৃঙ্খলা কার্যক্রম চলমান রয়েছে বলে সভাকে অবহিত করেন। | অত্র উপজেলার প্রত্যেক ইউনিয়নে বিট পুলিশ ও কমিনিউটি পুলিশ দ্বারা আইন-শৃঙ্খলা পরিস্থিতি অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হয়। | অফিসার ইনচার্জ কানাইঘাট থানা কানাইঘাট, সিলেট |
| ০৩ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় প্রাথমিক শিক্ষা বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তাকে প্রতি সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৪ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, বতমানে ৯ম শ্রেণির ভোকেশনাল বোর্ড এর পরীক্ষা চলমান রয়েছে। ইতোমধ্যে সকল মাধ্যমিক পর্যায়ের বার্ষিক পরীক্ষা সম্পন্ন রয়েছে। ২০২৫ শিক্ষা বষের বিনামূল্যের পাঠ্যপুস্তক বিষয়ে সদাময় সরকারের সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য মাধ্যমিক শিক্ষা বিভাগ তৎপর রয়েছে এবং মাধ্যমিক শিক্ষা বিভাগের দাপ্তরিক কার্যক্রম চলমান রয়েছে। | অত্র উপজেলার প্রতিটি মাধ্যমিক বিদ্যালয়ে ২০২৫ শিক্ষা বষের বিনামূল্যের পাঠ্যপুস্তক সুষ্ঠু ও সুন্দরভাবে বিতরণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী ২০২৪-২৫ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় যাচাই-বাছাই কমিটি কর্তৃক দাখিলকৃত প্রকল্পগুলোর দরপত্র আহবান করার কার্যক্রম চলমান রয়েছে।<br><br>তিনি আরোও জানান যে, উপজেলা পরিষদের ভিতরের বড় বড় ঝুকিপূণ গাছের ডালগুলো কর্তন করার জন্য সভায় প্রস্তাব করেন।<br><br>চেয়ারম্যান,০৮ নং ঝিংগাবাড়ী ইউনিয়ন পরিষদ জানান,গাছবাড়ী হরিপুর রাস্তাটি খুবই খারাপ থাকার কারণে রাস্তা দিয়ে গাড়ী চলাচল করা খুব সমস্যা হচ্ছে। জরুরী ভিত্তিতে রাস্তাটি মেরামত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় প্রস্তাব করেন।<br><br>চেয়ারম্যান,০৪ নং সাতবাঁক ইউনিয়ন পরিষদ সভায় জানান, সাতবাঁক ইউনিয়নের অর্ন্তগত বিরাখাই খালের উপর ব্রীজ নির্মাণ কাজ শুরু হয়। কিছুদিন কাজ করার পর ব্রীজের কাজ বন্ধ হয়ে যায়। ব্রীজটি দ্রুত নির্মাণ কাজ শুরু করার জন্য সভায় প্রস্তাব করেন।<br><br>চেয়ারম্যান,০৩ নং দিঘিরপাড় পূর্ব ইউনিয়ন পরিষদ জানান, অত্র উপজেলার সংশ্লিষ্ট ইউনিয়নে ছোট বড় রাস্তার পাশ কেটে জমি থেকে ট্রাক,ট্রাক্টর দিয়ে মাটি উত্তোলন করা হয়ে থাকে। এতে রাস্তার পাশ কেটে দেওয়ায় রাস্তা ভেঙ্গে যায়। রাস্তার পাশ কাটা বন্ধ করার জন্য সভায় প্রস্তাব করেন। | (ক) বার্ষিক উন্নয়ন কর্মসূচীর উপস্থাপিত দাখিলকৃত প্রকল্পগুলোর দরপত্র আহবান করে দ্রুত কাজ বাস্তবায়নের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) উপজেলা পরিষদের ভিতরের বড় বড় ঝুকিপূণ গাছের ডালগুলো কর্তন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণেরর জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) গাছবাড়ী হরিপুর রাস্তাটি মেরামত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) সাতবাঁক ইউনিয়নের অর্ন্তগত বিরাখাই খালের উপর ব্রীজ নির্মাণ কাজ দ্রুত শুরু করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঘ) অত্র উপজেলার সংশ্লিষ্ট ইউনিয়নে ছোট বড় রাস্তার পাশ কাটা বন্ধ করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী /সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ কানাইঘাট, সিলেট |
| ০৬ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে আমন ধান ৯৫% কর্তন শেষ পর্যায়ে রয়েছে এবং সারের মজুদ ও বিতরণ পরিস্থিতি স্বাভাবিক ভাবে রয়েছে।<br>তিনি আরোও জানান,বোরো ধানের বীজতলা ও শীতকালীন সবজি রোপন কার্যক্রম চলমান রয়েছে। | উপজেলা কৃষি বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ জানানো হলো। | উপজেলা কৃষি কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৭ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা, মৎস্য অধিদপ্তর কর্তৃক জেলেদের নিবন্ধন ও পরিচয়পত্র প্রদান কার্যক্রম চলমান। এ বিষয়ে উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়,কানাইঘাট সিলেট- এ প্রকৃত জেলেদের নিকট হতে আবেদনপত্র সংগ্রহ করার কাজ চলমান। আবেদনকারীকে আবেদনের সহিত প্রকৃত জেলে হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও পৌরসভার প্রশাসক কর্তৃক প্রদত্ত নাগরিক সনদ, ছবি ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে। এ বিষয়ে প্রশাসক পৌরসভা ও সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের সহযোগিতা | সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও প্রশাসক পৌরসভা কর্তৃক প্রদত্ত নাগরিক সনদ, ছবি ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি ছাড়া আবেদনপত্র জমা রাখা যাবে না বলে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা/ প্রশাসক পৌরসভা ও সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | কামনা করেন। | | |
| ০৮ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার প্রতিনিধি জানান, সভায় জানান যে, ২৪-১২-২০২৪ ইং তারিখে প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তির হস্তান্তর প্রকল্পের আওতায় ২৫ জন খামারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়। সমতল ভূমিতে বসবাসরত ক্ষুদ্র নৃগোষ্ঠী প্রকল্পের আওতায় ০৩(তিন)জন উপকারভোগীর মধ্যে ০৩(তিন)টি গরু বিতরণের জন্য উপকারভোগী নির্বাচন করার জন্য সভায় প্রস্তাব করেন। | সমতল ভূমিতে বসবাসরত ক্ষুদ্র নৃগোষ্ঠী প্রকল্পের আওতায় ০৩(তিন)জন উপকারভোগী নির্বাচন করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা /চেয়ারম্যান ০১ নং ও ০২ নং ইউনিয়ন পরিষদ কানাইঘাট, সিলেট |
| ০৯ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, উপজেলা সমাজ সেবা বিভাগের কার্যক্রম চলমান রয়েছে। | সমাজ সেবা বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১০ | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলায় হতদরিদ্র ব্যক্তি/পরিবারের মাঝে শীতবস্ত্র বিনামূল্যে বিতরণের জন্য বরাদ্দ পাওয়া গেছে। উক্ত শীতবস্ত্র সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদকে বরাদ্দ প্রদান করা হয়েছে।<br>তিনি আরোও জানান যে, অত্র উপজেলার বিভিন্ন ইউনিয়নে ১১(এগার)টি ব্রীজের কাজ চলমান রয়েছে বলে সভাকে অবহিত করেন। | অত্র উপজেলার বিভিন্ন ইউনিয়নে ১১(এগার)টি ব্রীজ নির্মাণ কাজের গুণগতমান তদারকি করার জন্য সভায় অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১১ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় পরিবার পরিকল্পনা বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে প্রতি সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১২ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান,২০২৫-২০২৬ ভিডব্লিউ বি চক্রের আবেদন ডিসেম্বর-২০২৪ মাসের ১৪ তারিখ শুরু হওয়ার সম্ভবনা ছিল। কিন্তু সাভার জটিলতার কারণে জানুয়ারি-২০২৫ মাসের ১ম ও ২য় সপ্তাহে শুরু হতে পারে বলে সভাকে অবহিত করেন।<br>অত্র উপজেলায় ০৯(নয়)টি ইউনিয়ন ও ০১(এক)টি পৌরসভা সহ মোট ১০(দশ)টি কিশোর-কিশোরী ক্লাব রয়েছে এবং ক্লাবের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে বলে সভাকে অবহিত করেন। | ২০২৫-২০২৬ ভিডব্লিউ বি চক্রের আবেদন শুরু হওয়ার পর সঠিক ভাবে যাচাই-বাছাই পূর্বক উপকারভোগী নির্বাচন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ কানাইঘাট, সিলেট |
| ১৩ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় পল্লী উন্নয়ন বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে প্রতি সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৪ | আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, তৃণমূল পর্যায়ে সকল ভাতাভোগী সদস্যদের সহযোগিতায় দক্ষ ও কর্ম দক্ষ,দেশপ্রেমী সদস্যদের নিয়ে গ্রাম ভিত্তিক মৌলিক প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করার পরিকল্পনা রয়েছে বলে সভাকে অবহিত করেন। | তৃণমূল পর্যায়ে সকল ভাতাভোগী সদস্যদের সহযোগিতায় দক্ষ ও কর্ম দক্ষ,দেশপ্রেমী সদস্যদের নিয়ে গ্রাম ভিত্তিক মৌলিক প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | তিনি আরোও জানান ভিজি মহোদয়ের উদ্যোগে সারা দেশে ৫০ বছরের উর্ধ্বে বয়সের নারী পুরুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হবে।<br><br>জনশক্তি গড়ে তোলার লক্ষ্যে অত্র উপজেলায় গ্রামভিত্তিক ভিডিপি মৌলিক প্রশিক্ষণ পুরুষ ও মহিলাদের মধ্যে জানুয়ারি-২০২৫ মাসে শুরু হবে। | | |
| ১৫ | পল্লীবিদ্যুৎ সমিতি -২ | ভিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি-২ সভায় জানান, উপজেলা পল্লীবিদ্যুৎ বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | নিরবিচ্ছিন্ন ভাবে বিদ্যুৎ সচল রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ভিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি -২ কানাইঘাট, সিলেট |
| ১৬ | তথ্য আপা প্রকল্প | উপজেলা তথ্য আপা কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তথ্য আপা প্রকল্পের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা তথ্য আপা কর্মকর্তাকে প্রতি সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | তথ্য আপা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৭ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, উপজেলা সমবায় বিভাগের বিভাগীয় কার্যক্রম চলমান রয়েছে। | উপজেলা সমবায় বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৮ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা সভায় জানান, উপজেলা যুব উন্নয়ন বিভাগের আওতাধীন প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। | উপজেলা যুব উন্নয়ন বিভাগের আওতাধীন যুব প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৯ | বন বিভাগ | উপজেলা বিট কর্মকর্তা বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় বন বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা বিট কর্মকর্তাকে প্রতি সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা বিট কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২০ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরাধীন সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ১০-১২-২০২৪ ইং তারিখ পর্যন্ত প্রাপ্ত আবেদন জরিপের কাজ চলমান আছে। তারপর যাচাই-বাছাই এর পর চূড়ান্ত তালিকা নির্ধারণ করা হবে। এবং FRT প্রকল্পের আওতায় নলকূপ স্থাপনের কাজ চলমান রয়েছে বলে সভাকে অবহিত করেন। | FRT প্রকল্পের আওতায় নলকূপ স্থাপনের কাজ এর গুণগতমান তদারকি করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কানাইঘাট, সিলেট |
| ২১ | খাদ্য নিয়ন্ত্রক বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় খাদ্য নিয়ন্ত্রক বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কে প্রতি সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কানাইঘাট, সিলেট |
| ২২ | পল্লী সঞ্চয় ব্যাংক | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা সভায় জানান,পল্লীসঞ্চয় ব্যাংক কর্তৃক মোট ঋণ খেলাপী ৬ কোটি ৭৫ লক্ষ টাকা। খেলাপী ঋণ আদায়ের জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংকের খেলাপী ঋণ আদায় করার লক্ষ্যে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ সহযোগিতা করার জন্য সভায় অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা/ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ কানাইঘাট, সিলেট |
| ২৩ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগ | উপজেলা স্টেশন অফিসার ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, গত ০১-১২-২০২৪ ইং তারিখ হইতে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কানাইঘাট কর্তৃক ০৪(চার)টি অপারেশন কার্যক্রম পরিচালনা করা হয়েছে। অপারেশনগুলো হলো চারটি অগ্নিকান্ড বলে সভাকে অবহিত করেন। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২৪ | পানি উন্নয়ন বোর্ড | উপ-সহকারী প্রকৌশলী,পানি উন্নয়ন বোর্ড বা সভায় জানান, পানি উন্নয়ন বোর্ড কর্তৃক সুরমা নদী বাম ১৩ কিলোমিটার, দপনগর এলাকায় ব্লক এর কাজ চলমান ও আরোও Emargance ০৭ টি কাজ চলমান রয়েছে।<br><br>তিনি আরোও জানান, হাওড় বেরীবাঁধ ০৫ টি আগামী সপ্তাহ হতে চলমান হবে। ভাটিদিহি অস্থায়ী তীর প্রতিরক্ষা কাজ জিওব্যাগ দিয়ে করা হবে ডিজাইন আসছে Estmmate এর কাজ চলমান রয়েছে। | বর্ষার মৌসুম আসার আগেই সকল কাজ দ্রুত বাস্তবায়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | পানি উন্নয়ন বোর্ড সিলেট |
| ২৫ | ইসলামী ফাউন্ডেশন | উপজেলা ফিল্ড সুপারভাইজার সভায় জানান, অত্র উপজেলার সকল মসজিদ ভিত্তিক শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে। | উপজেলার সকল মসজিদ ভিত্তিক শিক্ষা কার্যক্রম চলমান রাখার অনুরোধ করা হয়। | উপজেলা ফিল্ড সুপারভাইজার ইসলামী ফাউন্ডেশন কানাইঘাট,সিলেট |
| ২৬ | জন্ম-মৃত্যু নিবন্ধন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদ একজন নাগরিকের অত্যন্ত গুরুত্বপূর্ণ দলিল সেভায় জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন করার জন্য গুরুত্বারোপ করা হয়। এছাড়াও অভিনন্দন বার্তা ও শোক বার্তার সাথে নিবন্ধন ফরম প্রেরণ করতে হবে এবং ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করতে হবে। ইউনিয়ন পর্যায়ে নিয়মিত জন্ম ও মৃত্যু টাস্কফোর্স কমিটির সভা আয়োজন করে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে। | (ক) অভিনন্দন বার্তা ও শোক বার্তার সাথে নিবন্ধন ফরম প্রেরণ করে দিনের মধ্যে নিবন্ধন নিশ্চিত করতে হবে এবং প্রতি মাসে লক্ষ্যমাত্রা পূরণ করতে হবে।<br>(খ) ইউনিয়ন পর্যায়ে প্রতিমাসে জন্ম ও মৃত্যু টাস্কফোর্স কমিটির সভা আয়োজন করতে হবে। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) কানাইঘাট, সিলেট |
| ২৭ | গ্রাম আদালত পরিচালনা | আলোচ্যমাসে গ্রাম আদালত পরিচালনায় দায়েরকৃত মামলার সংখ্যা ৩৮ টি, নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা টি এবং ১০ টি মামলা অনিষ্পত্তি ২৮ টি অবস্থায় রয়েছে। সভাপতি জনভোগান্তি কমিয়ে আনা ও আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার স্বার্থে সকল ইউপির অনিষ্পন্ন মামলাগুলো দ্রুত নিষ্পত্তি করতে ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন। | (ক) সকল অনিষ্পন্ন মামলা দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) গ্রাম আদালতগুলো সক্রিয় করার জন্য জনসচেতনতা বৃদ্ধি করতে হবে। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) কানাইঘাট, সিলেট |
| ২৮ | তথ্য অধিকার আইন,২০০৯ বাস্তবায়ন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, তথ্য অধিকার আইনের বিষয়ে উপজেলার সকল সরকারি দপ্তর; বেসরকারী প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও, সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিওভুক্ত স্কুল, কলেজ, মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়/তথ্য প্রদান ইউনিটে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণ করার নির্দেশনা রয়েছে। তাছাড়া দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদেরকে অনলাইনে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইনে সার্টিফিকেট সংগ্রহ করার অনুরোধ জানান। পাশাপশি সকল ইউনিয়ন পরিষদসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ করে উর্দ্ধতন | তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী জনগণের তথ্য জানার অধিকার নিশ্চিত করতে হবে।<br>দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষ জরুরী ভিত্তিতে নিয়োগ পূর্বক আনলাইন নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইন সার্টিফিকেট দাখিল করতে হবে।<br><br>এমপিভুক্ত স্কুল কলেজ,মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সকল সরকারি/ বেসরকারি দপ্তর ও প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও; সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | কর্তৃপক্ষকে অবহিতকরণসহ আপীল কর্তৃপক্ষের তথ্যাদি স্ব-স্ব ওয়েব পোর্টাল আপলোড করার অনুরোধ জানান। | | |
| ২৯ | বিবিধ | ১. সভায় উপজেলা পরিষদের চাহিদার ভিত্তিতে (ক) উপজেলা পরিষদের প্রশাসক মহোদয়ের সম্মানী;(খ) মালি,পরিষ্কার পরিচ্ছন্নতা কর্মী ও পাম্প চালকের বেতন ভাতা বাবদ; (গ) উপজেলা পরিষদের আপ্যায়ন ও আনুষাংগিক বাবদ ব্যয়; (ঘ) উপজেলা পরিষদের ভিতরে পরিষ্কার পরিচ্ছন্নতা করণ বাবদ ব্যয়; (ঙ) উপজেলা পরিষদে আলমিরা ক্রয় বাবদ ব্যয়; (চ) উপজেলা পরিষদের ভিতরে ক্লোজ সাকিট ক্যামেরা মেরামত বাবদ ব্যয়; (ছ) উপজেলা পরিষদের ভিতরে সমতা ডরমেটরী সততা ডরমেটরী ও ছায়ানীড় (ক) কোয়াটারের পানির লাইন মেরামত বাবদ ব্যয় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের লক্ষ্যে অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | ১. উপস্থাপিত প্রকল্পসমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বিধি মোতাবেক ব্যয় নির্বাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক উপজেলা পরিষদ কানাইঘাট,সিলেট |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

ফারজানা নাসরীন
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ, কানাইঘাট,সিলেট

স্মারক নম্বর: ৪৬.৪৬.৯১৫৯.০০০.০০.০১৮.২২.১৮(৩৫)

তারিখ: ১১ পৌষ ১৪৩১ / ২৬ ডিসেম্বর ২০২৪

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা
২। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট
৩। জেলা প্রশাসক, সিলেট
৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সিলেট
৫। উপজেলা -------------------------------- কর্মকর্তা (সকল), কানাইঘাট, সিলেট
৬। চেয়ারম্যান ---------------------------- ইউনিয়ন পরিষদ (সকল), কানাইঘাট, সিলেট
৭। জনাব ------------------------------------ কানাইঘাট, সিলেট
৮। অফিস কপি

উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ, কানাইঘাট,সিলেট

CS CamScanner

## সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা

| ক্রমিক | নাম | পদবী/ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মো: তমিজ উদ্দিন | চেয়ারম্যান,০১ নং লক্ষীপ্রসাদ পশ্চিম ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০২ | জনাব মোঃ জামাল উদ্দিন | চেয়ারম্যান,০২ নং লক্ষীপ্রসাদ পশ্চিম ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৩ | জনাব আব্দুল মুমিন চৌধুরী | চেয়ারম্যান,০৩ নং দিঘিরপাড় ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৪ | জনাব মো ঃ আবু তাইয়ীব | চেয়ারম্যান,০৪ নং সাঁতবাক ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব মো: আব্দুল মালিক চৌধুরী | চেয়ারম্যান,০৫ নং বড়চতুল ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব মো: আফসার উদ্দিন | চেয়ারম্যান,০৬ নং কানাইঘাট সদর ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৭ | জনাব আবু বকর | চেয়ারম্যান,০৮ নং ঝিংঙ্গাবাড়ী ইউ/পি, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৮ | জনাব ডা: সুবল চন্দ্র বর্মন | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৯ | জনাব বিশ্বজিত রায় | উপজেলা কৃষি কর্মকর্তা, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১০ | জনাব মো: সফিকুল ইসলাম ভূঁইয়া | উপজেলা মৎস্য কর্মকর্তা, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১১ | জনাব ডা: প্রাণকৃষ্ণ মন্ডল | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১২ | জনাব দেবাশীষ শমা | প্রতিনিধি অফিসার ইনচার্জ, কানাইঘাট থানার,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৩ | জনাব মো: আবু হানিফা | উপজেলা প্রকৌশলী,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৪ | জনাব নুর মোহাম্মদ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৫ | জনাব তাপস চক্রবতী | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৬ | জনাব মো : বুরান উদ্দিন | প্রতিনিধি উপজেলা সমাজসেবা কর্মকর্তার,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৭ | জনাব এ কে এম জহিরুল হক | প্রতিনিধি উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৮ | জনাব মোঃ কবির হোসেন | প্রতিনিধি উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৯ | জনাব মো: সিরাজুল ইসলাম ভুইয়া | উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২০ | জনাব মো: জামাল উদ্দিন | উপজেলা সমবায় কর্মকর্তা কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২১ | জনাব পনিরুজ্জামান | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য),কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ২২ | জনাব মো: কামরুজ্জামান | উপজেলা ডিজিএম,পল্লীবিদ্যুৎ সমিতি-২,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৩ | জনাব মো: হিরণ মিয়া | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৪ | জনাব মো: আব্দুল কাদির | উপজেলা স্টেশন অফিসার,ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৫ | জনাব মো: গোলাম কিবরিয়া | উপজেলা ফিল্ড সুপারভাইজার,ইসলামী ফাউন্ডেশন | স্বাক্ষরিত |
| ২৬ | জনাব মো : শওকত উজ্জামান | উপ-সহকারী প্রকৌশলী,পানি উন্নয়ন বোড,সিলেট | স্বাক্ষরিত |

## সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট-খ

| ক্রমিক নং | পদবী/ঠিকানা |
|---|---|
| ০১ | চেয়ারম্যান,০৭ নং দক্ষিণবাণীগ্রাম ইউ/পি, কানাইঘাট,সিলেট |
| ০২ | চেয়ারম্যান,০৯ নং রাজাগঞ্জ ইউ/পি,কানাইঘাট,সিলেট |
| ০৩ | উপজেলা শিক্ষা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০৪ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০৫ | উপজেলা বিট কর্মকর্তা কানাইঘাট,সিলেট |
| ০৬ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,কানাইঘাট,সিলেট |
| ০৭ | উপজেলা তথ্য আপা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০৮ | উপজেলা ইউডিএফ(জাইকা),কানাইঘাট,সিলেট |
| ০৯ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |

CS CamScanner